

ইসলামী বিশ্ববিদ্যালয়

ছয় শতাধিক শিক্ষক কর্মচারীর বেতন বিল পাস হয় নাই

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের
ভিসির নিষ্ক্রিয়তা ও মাসা-
ধিককালের বিরাজমান অচলাবস্থা
কারণে ছয় শতাধিক শিক্ষক-কর্ম-
কর্তা ও কর্মচারীর জুলাই মাসের
বেতন-ভাতা বিল পাস হয় নাই।
বিষয়টি এখন সম্পূর্ণ অনিশ্চিত।
(৮ম পৃ: ৩ঃ)

শিক্ষক-কর্মচারীর বেতন

ইসলামী বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃ: পর)

শতাধিক অস্থায়ী কর্মচারী জুন ও
জুলাই দুই মাসের বেতন পান নাই।
চাকুরীর মেয়াদ বৃদ্ধি করিতে না
পারায় শতাধিক এডহক ও অস্থায়ী
শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীর
চাকুরীচ্যুতির আশংকা দেখা দিয়াছে।
গত ২৬শে জুন হইতে বিশ্ববিদ্যা-
লয়ের সকল কার্যক্রম, ক্লাস, পরীক্ষা
সম্পূর্ণ বন্ধ রহিয়াছে। ভিসিও একই
দিন হইতে নিজ কার্যালয়ে অনু-
পস্থিত। হলগুলি এখন ছাত্র-ছাত্রী
শূন্য।

এদিকে সকল শিক্ষক, ছাত্রলীগ
(শা-পা) গণতান্ত্রিক ছাত্রশ্রমিক,
ছাত্র শিবিরসহ বিশ্ববিদ্যালয়ের
সহিত সংশ্লিষ্ট সকল পক্ষই
ভিসি অপসারণের পক্ষে অবস্থান
নেওয়ায় অচলাবস্থা গভীর হইয়াছে।
বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা অবিলম্বে
ভিসি মুহাম্মদ ইনাম-উল হকের
অপসারণ ও তাহার সকল দুর্নীতি
বিচার এবং বকেয়াসহ অস্থায়ী কর্ম-
চারীদের মেয়াদ বৃদ্ধির দাবীতে আজ
(শনিবার) হইতে অনির্দিষ্টকালের
জন্য কর্মবিরতি পালন এবং বিদ্যুৎ,
পানি, টেলিফোন প্রভৃতি সরবরাহ
বন্ধ করিয়া দিবে। তাহার শিক্ষক
সমিতির আন্দোলনের সহিত একা-
ঙ্গতা ঘোষণা করিয়াছে।

ছাত্রদল ভিসি অপসারণের
ব্যাপারে সরাসরি মন্তব্য না করিলেও
ভিসিসহ সংশ্লিষ্টদের দুর্নীতি অনিয়-
মের বিচার ও অচলাবস্থা নিরসনের
দাবীতে আগামীকাল (রবিবার)
কটিয়া ও বিনাইদহ জেলায় ৬টা
২টা হরতান আয়োজন করিয়াছে।
তাছাড়া গতকাল (শুক্রবার) বিনাই-
দহ শহরে বিক্ষোভ মিছিল ও সমা-
বেশ করিয়াছে।

এদিকে ভাইস চ্যান্সেলর কোন-
ক্রমেই পদত্যাগ করিবেন না বলিয়া
জানাইবার প্রেক্ষিতে গতকাল শিক্ষক
সমিতির সাধারণ সম্পাদক সরোয়ার
জামান, সকল মহলের নিকট হইতে
প্রত্যাখ্যাত হইয়াও 'বিচারের ভয়ে
তিনি পদত্যাগ না করিয়া বিশ্ববিদ্যা-
লয়কে ধ্বংসের মুখে ঠেলিয়া
দিতেছেন।

উল্লেখ্য, ভিসির অপসারণের
দাবীতে শিক্ষকগণ গত ১২ জুলাই
হইতে কর্মবিরতি ও অসহযোগ, ২৯
জুন হইতে ছাত্রলীগ লাগাতার ধর্ম-
ঘট এবং শিবির একই দাবীতে সকল
অফিসে তালা খুলিয়া দিয়াছে।